

# অনুমতি

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা ।

এফ. ই. সার্কুলার নম্বর - ০১

তারিখ : ১১ জানুয়ারী, ২০১৬ খ্রীঃ

প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

এসিইউ এর আওতাধীন লেনদেনে এসিইউভূক্ত দেশগুলোর  
কেন্দ্রীয় ব্যাংকের মধ্যে অর্থ স্থানান্তরের সর্বনিম্ন সীমা প্রসংগে ।

এশিয়ান ট্রিয়ারিং ইউনিয়ন (এসিইউ) এর আওতাধীন লেনদেন নিষ্পত্তি বিষয়ে অধ্যায়-০৩ প্যারা-২ (খ), গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্চ ট্রানজ্যাকশান, ২০০৯ (খন্দ-১) ; এফই সার্কুলার নং-১৯, তারিখ অক্টোবর ০৫, ২০০৯ এফই সার্কুলার নং-১০, তারিখ মার্চ ০৪, ২০১৪ এ বর্ণিত নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। ১৩ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত এসিইউ এর পরিচালনা পর্ষদের ৪৪ তম সভার সিদ্ধান্তের সূত্রে এসিইউ এর আওতাধীন লেনদেনে এসিইউভূক্ত দেশগুলোর কেন্দ্রীয় ব্যাংকের মধ্যে অর্থ স্থানান্তরের সর্বনিম্ন সীমা এসিইউ ডলার অথবা এসিইউ ইউরো ৫০০(পাঁচশত) নির্ধারণ করা হলো ।

০৩। এসিইউ এর আওতাধীন লেনদেন সংক্রান্ত অন্যান্য নির্দেশনা যথারীতি অব্যাহত থাকবে । এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে । সংশ্লিষ্ট সকল পক্ষকে এই সার্কুলারের নির্দেশাবলী অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । এ সার্কুলার বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ ( ৯ সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত সংশোধিত) এর ২০(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইস্যু করা হলো ।

আপনার বিশ্বস্ত

(জগন্নাথ চন্দ্ৰ ঘোষ)

উপ মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০০৯২